বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্র (বিপিএটিসি)
সাভার, ঢাকা-১৩৪৩
www.bpatc.org.bd

বাংলাদেশ লোক-প্রশাসন প্রশিক্ষণ কেন্দ্রের ২০১৮ সালের ৭ম প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি : ড. এম আসলাম আলম
রেক্টর (সিনিয়র সচিব)

সভার তারিখ : ৩১ জুলাই ২০১৮ খ্রি.

সভার সময় : অপরাহ্ন ০৪:০০ টা

স্থান : রেক্টর'স কনফারেন্স রুম।

উপস্থিতির তালিকা : পরিশিষ্ট-ক

সভার শুরুতে সকলকে স্বাগত জানানো হয়। অত:পর আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপনের জন্য পরিচালক (প্রশাসন)কে বলা হয়। পরিচালক (প্রশাসন) বিষয়সমূহ উপস্থাপন করলে নিম্নোক্তভাবে আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়।

ক্রঃনঃ	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
১	পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	গত ২৮.০৬.২০১৮ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণী সভায় উপস্থাপন করা হয়। উক্ত কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী/ মতামত থাকলে তা উত্থাপনের অনুরোধ জানানো হয়।	গত ২৮.০৬.২০১৮ তারিখে অনুষ্ঠিত প্রশাসনিক সমন্বয় সভার কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী/মতামত না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন করা হলো।
২	প্রবিধানমালা সংশোধন	প্রবিধানমালার বিধি অংশের খসড়া প্রস্তুত করা হয়েছে। অর্গ্রানোগ্রামের খসড়া চূড়ান্ত হওয়ার পর প্রবিধানমালার তফশিল অংশ তৈরির কাজ শুরু করার বিষয়ে আলোচনা হয়। প্রবিধানমালার খসড়া তৈরীর জন্য দায়িত্ব প্রাপ্ত এমডিএস ড. শাহাদত হোসেন মাহমুদ অন্যত্র বদলী হওয়ায় অন্য কাউকে এ দায়িত্ব প্রদানের বিষয়ে আলোচনা হয়।	অর্গ্রানোগ্রামের খসড়া চূড়ান্ত হওয়ার পর প্রবিধানমালার তফশিল অংশ তৈরির কাজ দ্রুত শেষ করতে হবে। এমডিএস জনাব মোহাম্মদ মুনির হোসেন প্রবিধানমালা তৈরির বাকী অংশের কাজ করবেন। বাস্তবায়নে: জনাব মোহাম্মদ মুনির হসেন, এমডিএস/ পরিচালক (প্রশাসন)
৩	অর্গানোগ্রাম হালনাগাদকরণ	অর্গ্রানোগ্রামের বিভিন্ন অংশের উপর অনুষদ সদস্যদের কোন মতামত থাকলে তা লিখিতভাবে এমডিএস (আরএন্ডসি) এর নিকট প্রেরণের জন্য সকলকে জানানো হয়েছে। মতামতের ভিত্তিতে খসড়া অর্গ্রানোগ্রাম উপস্থাপন করা হবে মর্মে আলোচনা হয়।	অর্গ্রানোগ্রামের উপর প্রাপ্ত মতামত/পরামর্শ সন্নিবেশ করে অর্গ্রানোগ্রামের খসড়া শীঘ্রই উপস্থাপন করাতে হবে। বাস্তবায়নে: এমডিএস (আরএন্ডসি) / পরিচালক (প্রশাসন)
৪	নিরীক্ষা আপত্তি নিষ্পত্তি	২০১৭-১৮ অর্থ বছরে ২টি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। সভায় মোট ১০৪ টি অনিষ্পন্ন আপত্তি উত্থাপন করা হলে ৩৩ টি আপত্তি নিষ্পত্তির সুপারিশ করা হয়েছে। অবশিষ্ট ৭১ টি আপত্তির বিষয়ে আগস্ট মাসে তৃতীয় ত্রি-পক্ষীয় সভা অনুষ্ঠিত হবে।	আগষ্ট ২০১৮ মাসে তৃতীয় ত্রি-পক্ষীয় সভা আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: উপ-পরিচালক (অর্থ)

৫	বকেয়া কোর্স ফি আদায়	ক) ২০১৭-২০১৮ অর্থবছরে বকেয়া কোর্স ফি কোর্স ফি'র পরিমাণ ১৩,১৪,৫০০/- টাকা। জুলাই/২০১৮ মাসে বকেয়া কোর্স ফি আদায় হয়নি। খ) পুরাতন বকেয়া কোর্স ফি রয়েছে ৫,৩১,০০০/- টাকা। তন্মধ্যে জুলাই ২০১৮ মাসে আদায় হয়েছে ১৫,০০০/- টাকা অবশিষ্ট বকেয়া রয়েছে ৫,১৬,০০০/- টাকা। নতুন এবং পুরাতন বকেয়া কোর্স ফি আদায়ে আরো তৎপর হওয়ার বিষয়ে আলোচনা হয়।	ক) কোর্স চলাকালীন কোর্স মেনেজম্যান্ট বকেয়া কোর্স ফি আদায়ের জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: কোর্স মেনেজম্যান্ট টিম খ) সকল বকেয়া কোর্স ফি আদায় এর জন্য মন্ত্রণালয় ভিত্তিক পত্র দিয়ে সরাসরি যোগাযোগ করতে হবে। বাস্তবায়নে: উপ-পরিচালক (অর্থ)
৬	ই-নথি কার্যক্রম	ক) ই-নথির মাধ্যমে পত্র জারি, নোটিশ জারি বৃদ্ধিসহ দাপ্তরিক যে সকল কার্যক্রম ই-নথির মাধ্যমে সম্পন্ন করা সম্ভব তা সবই ই-নথিতের মাধ্যমে সম্পন্ন করার বিষয়ে আলোচনা হয়। খ) সার্বক্ষণিক ইন্টারনেট চালু রাখার স্বার্থে বর্তমানে BTCL এর ১৫০ mbps এর সাথে আরও ১৫০ mbps যুক্ত করে ৩০০ mbps-এ উন্নীত করা হয়েছে মর্মে জানানো হয়। এছাড়া রেডিও লিংক এর মাধ্যমে ১০০ mbps bandwith ক্ষমতা সম্পন্ন ব্যাকআপ ইন্টারনেট সংযোগ স্থাপনের জন্য টেন্ডার আহবান করা হয়েছে।	ক) ই-নথি কার্যক্রম অব্যাহত রাখতে হবে এবং পত্র জারি, নোটিশ জারি সংখ্যা বাড়াতে হবে। বাস্তবায়নে: কর্মচারী সকল খ) সার্বক্ষণিক ইন্টানেরট চালু রাখার জন্য BTCL সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নে: সিস্টেমস্ এনালিষ্ট (অ. দা)
৭	কেন্দ্রের সকল ক্রয় কার্যক্রম e-GP পদ্ধতিতে সম্পন্ন করা	পরিচালক (প্রশাসন) জানান, e-GP তে ক্রয় কার্যক্রম অব্যাহত আছে। ২০১৮-১৯ অর্থ বছরে e-GP পদ্ধতিতে কেন্দ্রের সম্ভাব্য সকল ক্রয় কার্যক্রম সম্পন্ন করার পদক্ষেপ গ্রহণ করা হয়েছে।	কেন্দ্রের সম্ভাব্য সকল ক্রয় e-GP পদ্ধতিতে সম্পন্ন করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন)/ উপ-পরিচালক (সেবা)
৮	ওয়েবসাইট আপডেটকরণ	ক) কেন্দ্রের ওয়েবসাইট নতুন নতুন তথ্য দিয়ে আপডেট করা হচ্ছে মর্মে জানানো হয়।	ক) হালনাগাদ তথ্য দিয়ে কেন্দ্রের ওয়েবসাইট আপডেট কার্যক্রম অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নে: পরিচালক (সকল)/ সিস্টেম এনালিস্ট (অ. দা)
৯	আরপিএটিসিসমুহের পুরাতন মাইক্রোবাস প্রতিস্থাপন	রাজশাহী আরপিএটিসি'র অকোজো ঘোষিত মাইক্রোবাস বিধি মোতাবেক বিক্রয় করা হয়েছে মর্মে জানানো হয়। খুলনা এবং চট্টগ্রাম আরপিএটিসি'র এর অকেজো ঘোষিত মাইক্রোবাস বিক্রির জন্য পুনরায় দরপত্র আহবান করা হবে মর্মে জানানো হয়।	রাজশাহী আরপিএটিসি'র প্রতিস্থাপিত মাইক্রোবাস জরুরী ক্রয় করতে হবে। খুলনা এবং চট্টগ্রাম আরপিএটিসি'র অকেজো ঘোষিত মাইক্রোবাস বিধিমোতাবেক নিলামে বিক্রয়ের জরুরী ব্যবস্থা গ্রহণ করতে হবে। বাস্তবায়নে: উপ-পরিচালক (সেবা)
১০	বাৎসরিক কর্মসম্পাদন	ক) কেন্দ্রের ২০১৮-২০১৯ অর্থবছরের স্বাক্ষরিত APA যথাযথ বাস্তবায়নের জন্য সংশ্লিষ্ট সকল বিভাগ/অনুবিভাগ/ অধিশাখায় প্রেরণ করার বিষয়ে	ক) কেন্দ্রের ২০১৮-২০১৯ অর্থবছরের APA যথাযথ বাস্তবায়নের জন্য এর অনুলিপি সংশ্লিষ্ট সকল বিভাগ/ অনুবিভাগ/

	চুক্তি (APA) বাস্তবায়ন	আলোচনা হয়। বছরের শুরু থেকেই মনিটরিং জোরদার করার বিষয়ে আলোচনা হয়। খ) কেন্দ্রের সাথে আঞ্চলিক কেন্দ্রসমূহের ২০১৮-২০১৯ অর্থবছরের স্বাক্ষরিত APA যথাযথ বাস্তবায়নের জন্য পরিচালক (এসটিএন্ডআরটিস)কে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার বিষয়ে আলোচনা হয়।	অধিশাখায় প্রেরণ করতে হবে। খ) কেন্দ্র এবং আঞ্চলিক কেন্দ্রসমূহের ২০১৮-২০১৯ অর্থবছরের APA যথাযথ বাস্তবায়নের জন্য বছরের শুরু থেকে নিবিড়ভাবে মনিটরিং করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (পিপি আর/ এসটিএন্ডআরটিস) উপ-পরিচালক, সকল আরপিএটিসি।
১১	নতুন আরপিএটিসি স্থাপন	চারটি বিভাগীয় শহরে চারটি আরপিএটিসি স্থাপনের বিষয়ে নিম্নোক্ত তথ্য উপস্থাপন করা হয়। ক) বরিশাল এবং রংপুর আঞ্চলিক কেন্দ্রের জমি অধিগ্রহণের জন্য জমির মুল্যের চেক ইতোমধ্যে জেলা প্রশাসকগণের অনুকূলে প্রদান করা হয়েছে; খ) সিলেট আরপিএটিসি'র জমি অধিগ্রহণের জন্য চাহিত সকল তথ্যাদি জেলা প্রশাসক বরাবর প্রেরণ করা হয়েছে এবং ময়মনসিংহ আরপিএটিসি'র জন্য প্রস্তাবিত ভূমি পরিদর্শন করা হয়েছে; গ) নতুন ৪ টি আরপিএটিসি'র ডিপিপি প্রণয়ন ও প্রস্তাবিত অর্গ্রানোগ্রাম আরও পরীক্ষা নিরীক্ষা করার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	ক) বরিশাল এবং রংপুর আঞ্চলিক কেন্দ্রের জমি অধিগ্রহণ কার্যক্রম দ্রত সম্পন্ন করার জন্য পদক্ষেপ গ্রহণ করতে হবে। খ) সিলেট এবং ময়মনসিংহ শহরের জমি নির্বাচন করে অধিগ্রহণের প্রক্রিয়া ত্বরান্বিত করতে হবে। ঘ) নতুন আরপিএটিসি'র ডিপিপি প্রণয়ন ও প্রস্তাবিত অর্গ্রানোগ্রাম আরও পরীক্ষা নিরীক্ষা করে উপস্থাপন করতে হবে। বাস্তবায়নে: এমডিএস (এমএন্ডডি/প্রকল্প)
১২	জাতীয় শুদ্ধাচার কৌশল কর্ম-পরিকল্পনা ২০১৮-১৯ বাস্তবায়ন	ক) ২০১৮-১৯ সালের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন এবং কর্মদক্ষতা অনুযায়ী গ্রেড ভিত্তিক শুদ্ধাচার পুরস্কার প্রদানের বিষয়ে আলোচনা হয়। এ সংক্রান্ত একটি নীতিমালা প্রণয়ন করা হচ্ছে মর্মে জানানো হয়। খ) জিআরএস কর্মকর্তা নিয়োগের বিষয়ে আলোচনা হয়।	ক) শুদ্ধাচার বিষয়ে গ্রেডভিত্তিক পুরষ্কার প্রদানের নিমিত্ত নীতিমালা প্রনয়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। খ) দ্রুততার সাথে জিআরএস কর্মকর্তা নিয়োগ করতে হবে। বাস্তবায়নে: পরিচালক (প্রশাসন)
১৩	ইনোভেশন টিম এর কার্যক্রম	চিফ ইনোভেশন কর্মকর্তা জানান, ২০১৮-২০১৯ অর্থ বছরের ইনোভেশন কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। ইনোভেশন কার্যক্রম অব্যাহত রাখা এবং কেন্দ্রের বিভিন্ন ওয়ার্কশপ হতে প্রাপ্ত ইনোভেশন সম্পর্কিত ধারনা বাস্তবায়ন ও ইনোভেশন বিষয়ে পুরস্কার প্রদানের জন্য নীতিমালা প্রণয়নের বিষয়ে সভায় আলোচনা হয়।	ইনোভেশন কার্যক্রম অব্যাহত রাখতে হব। কেন্দ্রের বিভিন্ন ওয়ার্কশপ হতে প্রাপ্ত ইনোভেশন সম্পর্কিত ধারনা বাস্তবায়ন এবং ইনোভেশন বিষয়ে পুরস্কার প্রদানের জন্য নীতিমালা প্রণয়ন করতে হবে। বাস্তবায়নে: চীফ ইনোভেশন অফিসার।
১৫	৭টি ERP সফ্টওয়্যার সংরক্ষণ/ব্যবহার	ক) সকল সফটওয়ার ব্যবহার করা হচ্ছে মর্মে জানানো হয়। CTMS Softwareটিতে কিছু আপডেট করা প্রয়োজন মর্মে জানানো হয়। খ) অনলাইনে BJPA প্রকাশ কার্যক্রম অব্যাহত রাখার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	ক) CTMS Software আপডেট করণে কোন পরামর্শ/মতামত থাকলে তা লিখিতভাবে জানাতে হবে। খ) অনলাইনে BJPA প্রকাশ কার্যক্রম অব্যাহত রাখতে হবে। বাস্তবায়নে: পরিচালক (গবেষণা ও উন্নয়ন/এলটিএ) এবং সিস্টেমস্ এনালিস্ট